# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

সূত্র: নাসিক/ওয়ার্ড নং-১২/২৪১ তারিখ: ২০/০১/২০২৬ খ্রি.

## সভার নোটিশ

**বিষয়: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভায় যোগদান প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ২৬/০১/২০২৬ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় ১২নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচী:-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।
৩। কর আদায়ের কার্যক্রম পর্যালোচনা।
৪। মা ও শিশু সহায়তা কর্মসূচী।
৫। মশক নিধন কার্যক্রম।

শুভেচ্ছান্তে,

20.01.26

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সভাপতি
১২নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ১২নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| ওয়ার্ড নং | : | ১২ |
| সভার তারিখ | : | ২৬/০১/২০২৬খ্রি. |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকায় |
| সভার স্থান | : | ১২নং ওয়ার্ড কার্যালয়। |

### সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান কমিটির সদস্য সচিব জনাব মোঃ সিয়াম হোসেন'কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কামিটির সদস্য সচিব জনাব মোঃ সিয়াম হোসেন পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরনীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১২নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-২: অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা। | ১২নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ সিয়াম হোসেন অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ যে সকল দাবী পেশ করেন; তা নিম্নরূপ:<br>১। খানপুর ওয়াসা পাম্পের পাশে ১০(দশ) তলা আবাসিক ভবন নির্মাণ।<br>২। রামবাবু পুকুর থেকে বিশারাম বাড়ি পর্যন্ত আরসিসি, উত্তর চাষাড়া সামসুজ্জোহা সড়ক রাস্তা ও ড্রেন পুর্নবাসন।<br>৩। রেড ক্রিসেন্ট হাসপাতাল থেকে শুরু করে বিক্রম বাড়ি ও ডাক্তার বাড়ি পর্যন্ত ড্রেন এবং রাস্তা পুনর্বাসন।<br>৪। মাসদাইর কবরস্থানের গির্জা প্রাঙ্গনে সীমানা প্রাচীর নির্মাণ। | ১২নং ওয়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে প্রশাসক, নারায়ণগগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

**আলোচ্যসূচী-৩: কর আদায়ের কার্যক্রম পর্যালোচনা।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায় কার্যক্রম পর্যালোচনা। | ১২নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ সিয়াম হোসেন বলেন, আমরা কর আদায়ের লক্ষে আমাদের প্রত্যেক মহল্লায় মহল্লায়, বাড়ি বাড়ি যেয়ে তদারকি চালাচ্ছি। আশা করি আমাদের এ কার্যক্রম চলমান থাকবে। | ১২ নং ওয়ার্ডের এ কার্যক্রমের জন্য উপস্থিত সকল সদস্যকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কতৃক ধন্যবাদ জানানো হয়। | রাজস্ব বভিাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৪: মা ও শিশু সহায়তা কর্মসূচী।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মা ও শিশু সহায়তা কর্মসূচী। | মা ও শিশু সহায়তা কর্মসূচী বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কপোরেশনের কমিউনিটি কর্মী নাজিবুল ইসলাম বলেন, আপনারা ইতোমধ্যে অবগত আছেন যে, নিম্ন আয়ের মানুষের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একটি মাতৃত্বকালীন ভাতার ব্যবস্থা করেছে। ভাতার জন্য আবেদনকারীর ব্যাংক হিসাব, NID, ANC কার্ডসহ অনলাইনে আবেদন করতে হবে। অতঃপর আবেদনটি সিটি কর্পোরেশনের সমাজ কল্যাণ বিভাগে জমা দেওয়া যাবে। উল্লেখ্য যে, ১২নং ওয়ার্ডে প্রতি মাসে সর্বোচ্চ ৫টি আবেদন জমা দেওয়া যাবে। | ১২নং ওয়ার্ডে মাতৃত্বকালীন ভাতা প্রসঙ্গে জনসাধারনের মধ্যে প্রচারনা এবং আবেদন করে সিটি কর্পোরেশনে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১২নং ওয়ার্ড WLCC কমিটি এবং সমাজ কল্যাণ বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৫: মশক নিধন কার্যক্রম।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মশক নিধন কার্যক্রম। | ১২নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ সিয়াম হোসেন বলেন, মশক নিধন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে আমাদের ওয়ার্ডে ইতোমধ্যে বেশ কয়েকটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিয়মিতভাবে লার্ভা ধ্বংস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং ঝুঁকিপূর্ণ এলাকাগুলো চিহ্নিত করে সেখানে বিশেষ নজরদারি রাখা হয়েছে। জমে থাকা পানি অপসারণে পরিচ্ছন্নতা কর্মসূচি চলমান রয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ফগিং ও কীটনাশক স্প্রে কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। পাশাপাশি ওয়ার্ডবাসীর মাঝে সচেতনতা বাড়াতে মাইকিং ও সরাসরি যোগাযোগের মাধ্যমে পরামর্শ প্রদান করা হচ্ছে। সকলের সহযোগিতায় এসব কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়ন হবে বলে আমরা আশাবাদী। | ১২নং ওয়ার্ডের এসব কার্যক্রমকে সাধুবাধ জানিয়ে সকলকে ধন্যবাদ জানান এবং এ কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত হয়। | ১২নং ওয়ার্ড WLCC কমিটি। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

[signature] 26.01.26

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সভাপতি
১২নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# পরিশিষ্ট "ক"

## ১২ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা।

তারিখ:

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | সভাপতি | 01720-553604 | [illegible] 26.01.26 |
| ০২ | জনাব মোঃ বাবু | সদস্য | 01639-130082 | Babu |
| ০৩ | জনাব মোঃ সম্রাট | সদস্য | 01970-080045 | Sammat |
| ০৪ | জনাব ছায়ানুর তালুকদার | সদস্য | 01914-861600 | |
| ০৫ | জনাব শানু বেগম | সদস্য | 01729-994317 | শানু বেগম |
| ০৬ | জনাব সামাল সর্দার | সদস্য | 01819-978204 | |
| ০৭ | জনাব মোঃ সাঈদ | সদস্য | 01680-139550 | Sayed |
| ০৮ | জনাব ইসহাক সর্দার | সদস্য | 01716-621188 | ইসহাক সর্দার |
| ০৯ | জনাব মোঃ ইসমত হাসেম | সদস্য | 01713-011437 | |
| ১০ | জনাব মোসাঃ সখিনা | সদস্য | 01612-855357 | |

CamScanner

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১ | জনাব ফালানী বেগম | সদস্য | 01384-652966 | |
| ১২ | জনাব জাহিদ আহমদ | সদস্য | 01612-150375 | জাহিদ আহমদ |
| ১৩ | জনাব আব্দুল জলিল | সদস্য | 01622-452996 | |
| ১৪ | জনাব জহুরা বেগম | সদস্য | 01912-369053 | জহুরা বেগম |
| ১৫ | জনাব রিনা আক্তার | সদস্য | 01932-612715 | রিনা আক্তার |
| ১৬ | জনাব মোঃ আজহারুল ইসলাম | সদস্য | 01939-760156 | |
| ১৭ | জনাব মোঃ শরীফ সুমন | সদস্য | 01919-079017 | মোঃ শরীফ সুমন |
| ১৮ | জনাব মোঃ সিয়াম হোসেন | সদস্য সচিব | 01626-797130 | [illegible] |

CS CamScanner